

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফআইডি সার্কুলার নং-০২/২০২০

তারিখঃ ২২ আষাঢ় ১৪২৭
০৬ জুলাই ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

মুজিববর্ষে করোনায় ক্ষতিগ্রস্ত ৫০ লক্ষ পরিবারের মধ্যে নগদ অর্থ সহায়তা প্রদান।

মুজিববর্ষে করোনায় (COVID-19) ক্ষতিগ্রস্ত ৫০ লক্ষ পরিবারের মধ্যে নগদ অর্থ প্রদানের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী
বাংলাদেশ সরকার এর প্রধানমন্ত্রীর কার্যালয় হতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

- ক) যে সব উপকারভোগীদের মোবাইল ফোন নেই অথবা যাদের পক্ষে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস হিসাব
খোলা সম্ভব নয়, তাদের অনুকূলে শুধুমাত্র জাতীয় পরিচয়পত্র বা স্মার্ট কার্ডের তথ্যের এবং উপজেলা নির্বাহী
কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে ১০/- টাকা আমানত সম্বলিত ব্যাংক হিসাব খোলা;
- খ) চেক বই না থাকলে ডেবিট ভাউচারের মাধ্যমে উপকারভোগীকে অর্থ প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- গ) তবে কোন উপকারভোগী পূর্ব হতে কোন ব্যাংকের হিসাবধারী হলে, তার অনুকূলে নতুন করে ব্যাংক
হিসাব খোলার প্রয়োজন নেই।

এ সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০৫৪৩

ইমেইলঃ anwar.islam@bb.org.bd